Notice is hereby given that the 45th Annual General Meeting ("AGM") of TIL Limited ("the Company") is scheduled to be held on Friday, 11th September, 2020 at 10:00 a.m. through Video Conferencing ("VC") or Other Audio Visual Means ("OAVM") to transact the businesses set out in the Notice of the AGM dated 29th June, 2020. In view of the prevailing Covid-19 pandemic, the Ministry of Corporate Affairs vide its General Circulars No. 14/2020, No. 17/2020 and No. 20/2020 dated 8th April, 2020, 13th April, 2020 and 5th May, 2020 respectively read with SEBI Circular No. SEBI/HO/CFD/CMD1/CIR/P/2020/79 dated 12th May, 2020 issued by the Securities and Exchange Board of India (collectively referred as "the said Circulars"), has allowed companies to conduct their annual general meetings through VC or OAVM without the physical presence of the Shareholders at a common venue, in compliance with the relevant provisions of the Companies Act, 2013 ("the Act") and the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, as amended ("the SEBI Listing Regulations").

In accordance with the said Circulars, the Notice convening the AGM along with the Annual Report for the financial year 2019-20 has been sent only through e-mails on Wednesday, 19th August, 2020 to those Shareholders whose e-mail addresses are registered with the Company or with the Registrar and Share Transfer Agent i.e., Messers C B Management Services (P) Ltd. or the Depository Participants and holding equity shares of the Company as on 14th August, 2020. The Notice and the Annual Report are also available on the website of the Company viz., www.tilindia.com and on the website of the Stock Exchanges viz., www.nseindia.com and www.bseindia.com and on the website of National Securities Depository Limited ("NSDL") viz., www.evoting.nsdl.com.

The instructions for joining the AGM are provided in the Notice of the AGM and attendance of the Shareholders attending the AGM through VC/OAVM will be counted for the purpose of reckoning the quorum under Section 103 of the Act.

Shareholders are also hereby informed that:

- i) Pursuant to Section 108 of the Act read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014, as amended and Regulation 44 of the SEBI Listing Regulations, the Company is pleased to provide e-voting facilities through NSDL to its Shareholders, in respect of the businesses to be transacted at the AGM. The manner and instructions to cast votes through remote e-voting as well as e-voting during the proceedings of the AGM have been provided in the Notice.
- ii) The Shareholders whose names appear in the Register of Members or in the Register of Beneficial Owners maintained by the Depositories as on the cut-off date i.e., Friday, 4th September, 2020, shall be entitled to avail the e-voting facility. Once vote(s) on Resolution(s) set out in the Notice are cast by any Shareholder, the same cannot be changed subsequently. The remote e-voting will commence on Tuesday, 8th September, 2020 at 9.00 a.m. and end on Thursday, 10th September, 2020 at 5.00 p.m. A person who is not a Shareholder as on the cut-off date, i.e., Friday, 4th September, 2020 should treat the Notice for information purposes only.
- Shareholders participating in the AGM through VC/OAVM and who have not cast their votes by remote e-voting, shall be eligible to exercise their voting rights during the proceedings

Shareholders who have exercised their voting rights through remote e-voting shall also be eligible to participate in the AGM through VC/OAVM but shall not be entitled to cast their votes again during the proceedings of the AGM.

after dispatch of the Notice of the AGM and holds shares as on the cut-off date, i.e., Friday, 4th September, 2020 may obtain the login ID and password by sending a request to evoting@nsdl.co.in.

Shareholders who are already registered with NSDL for remote e-voting can use their existing User ID and password for e-voting.

- Statutory Registers and relevant documents referred to in the Notice and in the Explanatory Statement will be available for inspection through electronic mode upto the date of AGM. Accordingly, Shareholders may write to the Company at secretarial.department@tilindia.com in this regard by mentioning their name, folio no./demat account no., etc. with the caption "Request for Inspection" in the subject line of the e-mail.
- vi) In case of any queries/grievance relating to e-voting, kindly refer the Frequently Asked Questions (FAQs) and e-voting user manual for shareholders available under the 'Downloads' section of NSDL's e-voting website, www.evoting.nsdl.com or contact Mr. Amit Vishal, Senior Manager /Ms. Pallavi Mhatre, Manager, NSDL, Trade World, "A" Wing, 4th Floor, Kamala Mills Compound, Lower Parel, Mumbai 400013; e-mail addresses: amitv@nsdl.co.in / pallavid@nsdl.co.in or evoting@nsdl.co.in; Phone No. 022-24994360/022-24994545 or toll free no. 1800-222-990.

Sekhar Bhattacharjee Vice President Company Secretary

iv) Any person, who acquires equity shares of the Company and becomes a Shareholder

For TIL Limited

Kolkata



ইওরোপ সেরা হওয়া থেকে এক ধাপ দুরে পিএসজি



গোলের পর সেলিব্রেশন নেইমার–মারকুইনহোসের। ছবি: এএফপি

সংবাদ সংস্থা

লিসবন, ১৯ আগস্ট

অবশেষে লক্ষ্যপূরণ। ক্লাবের ইতিহাসে প্রথমবার চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে উঠল প্যারিস সাঁ জাঁ। মঙ্গলবার প্রথম সেমিফাইনালে আরবি লিপজিগকে হারাল ৩–০ ব্যবধানে। গোল না করেও অদৃশ্য নায়ক নেইমার। কোয়ার্টারের মতোই আগাগোড়া এই ম্যাচেও দুরস্ত খেললেন। কিন্তু ফাইনালে তাঁকে পাওয়া নিয়ে তৈরি হয়েছে অনিশ্চয়তা। বিপক্ষ ফুটবলার হালস্টেনবার্গের সঙ্গে জার্সি বিনিময় করে করোনা–বিধি ভঙ্গ করেছেন। উয়েফার শাস্তির মুখে পড়তে পারেন ব্রাজিলীয় তারকা।

অনভিজ্ঞ লিপজিগের বিরুদ্ধে এগিয়ে থেকেই নেমেছিল পিএসজি। মারকুইনহোস এবং অ্যাঞ্জেল ডি'মারিয়ার গোলে প্রথমার্ধেই ২–০ এগিয়ে যায়। দ্বিতীয়ার্ধে গোল জুয়ান বার্নাতের। নেইমারের একটি শট পোস্টে লাগে। তিনি এবং ডি'মারিয়া গোটা ম্যাচে সন্তুস্ত রেখেছিলেন লিপজিগের ডিফেন্সকে। হাজার হাজার কোটি টাকা বিনিয়োগ করার এতদিন পর অবশেষে ইউরোপের সর্বোচ্চ প্রতিযোগিতার ফাইনালে পিএসজি। ফরাসি ক্লাবে যাওয়ার পর নেইমারকে সমালোচিত হতে হয়েছিল। কিন্তু তাঁর ক্লাব বার্সিলোনা ছিটকে গেলেও নেইমার ফাইনাল খেলছেন।

এদিকে, জিতে উঠেই কিলিয়ান এমবাপে জানালেন, তাঁর বিশ্বকাপ ফাইনালে ওঠার অনুভূতি হচ্ছে। ফরাসি তারকা বলেছেন, 'একইরকম অনুভূতি হচ্ছে। এমন একটা দল যেখানে প্রত্যেকে নিজের গুরুত্ব জানে আর কাজটা করে। মাঠের বাইরেও আমরা অনেক মজা, হাসিঠাট্টা করি। হয়তো খেতাব জয়ের জন্য সেরকম একটা পরিবেশই প্রয়োজন। সতীর্থরা বন্ধু হলে তাদের জন্য নিজেকে উজাড় করে দেওয়া অনেক সহজ।' ফরাসি কাপের ফাইনালে সাঁ এতিয়েঁর বিরুদ্ধে চোট পেয়েছিলেন এমবাপে। কিন্তু চোট কাটিয়ে দ্রুত ফিরে উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছেন শেষ দুই ম্যাচে।

কোপার সূচি ঘোষিত হল

সংবাদ সংস্থা

বুয়েনস এয়ার্স, ১৯ আগস্ট

ঘোষিত হল ২০২১ কোপা আমেরিকা ফুটবলের সূচি। এই প্রতিযোগিতা চলতি বছরে হওয়ার কথা থাকলেও করোনাভাইরাসের কারণে পিছিয়ে যায়। ১১ জুন থেকে শুরু প্রতিযোগিতা। চলবে টানা একমাস।

আর্জেন্টিনা এবং কলম্বিয়া যুগ্মভাবে এই প্রতিযোগিতা আয়োজন করছে। তিনটি গ্রুপের বদলে এবার খেলা হবে দুটি গ্রুপে। 'এ' গ্রুপে রয়েছে আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া, বলিভিয়া, উরুগুয়ে, চিলি ও প্যারাগুয়ে। গ্রুপ বি–তে ব্রাজিল, কলম্বিয়া, কাতার, ভেনেজুয়েলা, ইকুয়েডর ও পেরু।

১১ জুন বুয়েনস এয়ার্সে প্রথম ম্যাচে আর্জেন্টিনা খেলবে চিলির বিরুদ্ধে। এই চিলির কাছেই ২০১৫ এবং ২০১৬ –র ফাইনালে হেরেছিল আর্জেন্টিনা। ব্রাজিলের প্রথম ম্যাচ ১৩ জুন, ভেনেজুয়েলার বিরুদ্ধে। তারা গ্রুপের সব ম্যাচই খেলবে কলম্বিয়ায়। ২০১৯–এর কোপা আমেরিকা জিতেছিল ব্রাজিলই। হারিয়েছিল পেরুকে। ফাইনাল ১০ জুলাই কলম্বিয়ার বারাঙ্কুইলাতে।


মৃত্যুর ৩৩ বছর পর জন্মশতবর্ষে ধ্যানচাঁদ পুরস্কার পাচ্ছেন সাঁতারু শচীন নাগ

গুলিবিদ্ধ পায়ের ক্ষত সারিয়ে দিল্লি এশিয়ান গেমসে সোনা

মুনাল চট্টোপাধ্যায়

অবশেষে জম্মশতবর্ষে সাফল্যের বিশেষ সরকারি স্বীকৃতি মিলছে বাংলার গর্ব ক্রীড়াবিদ শচীন নাগের। পাচ্ছেন ধ্যানচাঁদ সম্মান। মৃত্যুর ৩৩ বছর পর। হাওড়ার ডুমুরজলার বাড়িতে ১৯৮৭ সালের ১৯ আগস্ট শচীনের জীবনাবসান ঘটে। সেই প্রয়াণ দিবসের আগের সন্ধেয় ৫১ দিল্লি এশিয়ান গেমসে সোনা জয়ী সাঁতারু শচীন নাগের পুত্র অশোককে ফোনে কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রক থেকে ধ্যানচাঁদ সম্মান দেওয়ার কথা জানানো হয়। ভারতের হয়ে সাঁতারে আর কেউ কখনও সোনা জেতেনি। শচীনই প্রথম ও শেষ। ওই এশিয়াডে ১০০ মিটার ফ্রিস্টাইলে সোনা ছাড়াও ৪×১০০ মিটার ফ্রিস্টাইলে ও ৩×১০০ মিটার মেডলিতে ব্রোঞ্জ পেয়েছিলেন। ১৯৪৮ লন্ডন অলিম্পিকে সাঁতার ও ওয়াটারপোলো দলের ভারতীয় দলের সদস্য ছিলেন। চিলিকে ভারত ৭–৪ গোলে হারিয়েছিল। ৪ গোল করেছিলেন শচীন। ১৯৫২ হেলসিদ্ধি অলিম্পিকেও ওয়াটারাপোলো দলে ছিলেন। তবু এতবছর কোনও সরকারি স্বীকৃতি দেওয়া হয়নি। এনিয়ে একটা অভিমান ও আক্রেপ ছিল তাঁর পরিবারের। এতদিনে সেই দঃখ ঘচল।

ছেলে অশোক নাগ জানালেন, 'সাঁতারু হিসেবে বাবার উত্থান গল্পের মতো। বাবার জন্ম ও বড় হয়ে ওঠা বেনারসে। বাবার মুখেই শুনেছি, ১০ বছর বয়সে পুলিশের তাড়া খেয়ে বেনারসের গলি পেরিয়ে গঙ্গায় ঝাঁপিয়ে পড়েছিলেন বাঁচতে। ওইদিন তখন ওখানে ১০ কিলোমিটার একটা সাঁতার প্রতিযোগিতা চলছিল। ডুব সাঁতার দিয়ে অসংখ্য প্রতিযোগীর ভিড়ে সোঁধিয়ে যান বাবা। প্রতিযোগিতা শেষ করেন তৃতীয় স্থানে। সেই শুরু লং ডিস্ট্যান্স



১৯৫২ এশিয়ান গেমসে সোনার পদক নিয়ে শচীন নাগ। ফাইল ছবি

কাবের যামিনী দাসের। তিনি বাবাকে কলকাতায় নিয়ে এসে নিজের বাডিতে রাখেন। হাটখোলা ক্লাবের হয়ে প্রথমে রাজ্য স্তরে সাফল্য পান। পরে জাতীয় স্তব্যে একের পর এক রেকর্ড গড়ে সকলকে চমকে দেন। বাবা যখন ফর্মের চূড়ায়, তখন ১৯৪৭ সালে দাঙ্গার মাঝে পড়ে ডান পায়ে পুলিশের গুলি লাগে। দু'মাস হাসপাতালে থাকতে হয়েছিল। ডাক্তার বলেছিলেন, দু'বছর সাঁতার কাটা সম্ভব নয়। বাবার অসম্ভব মনের জোর ছিল। তিনি কোনও কথা না শুনে চলে যান বেনারসে। ওখানকার ঘাটে মাসাজ-কসরতের সঙ্গে গঙ্গার জলে দিনরাত সাঁতার কেটে পায়ের শক্তি ফিরিয়ে আনেন। বাকিটা ইতিহাস। ৪৮ ও ৫২ অলিম্পিকে প্রতিনিধিত্ব করা, ৫১ এশিয়াডে তৎকালীন প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুর সামনে সোনা ও দুই ব্রোঞ্জ পদক জেতা। এমন কীর্তি খুব কম ক্রীড়াবিদের আছে। তবু কোনও অহঙ্কার ছিল না বাবার। বরং দুই মহিলা সাঁতারু নাফিসা আলি ও আরতি সাহার সাফল্যের পিছনে বাবার বড় ভূমিকা ছিল ট্রেনার ও মেন্টর হিসেবে। অনেকেরই বাবার অভিনয় দক্ষতার কথা সেভাবে জানা নেই। সৌমিত্র চট্টোপাধ্যায়ের সঙ্গে 'অপর্ণা' ও 'কোনি' নামে দুটো সিনেমায় অভিনয় করে প্রশংসা কুড়িয়েছিলেন। দেরিতে হলেও এমন গুণী মানুষের কথা মনে করে কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রক স্বীকৃতি দেওয়ায় আমরা খুশি।'

হাটখোলা ক্লাবে ৫ জুলাই শচীনের জন্মশতবর্ষে বসেছে তাঁর আবক্ষ মূর্তি। ছেলে অশোক চান, যেখানে জীবনের বেশি সময় কেটেছে বাবার, সেই হাওড়া শিবপুর বা ডুমুরজলায় সুইমিং পুল হলে সেটা শচীন নাগের নামে যেন উৎসর্গ করে রাজ্য ক্রীডামন্ত্রক।

চাষ করেও লক্ষ্যে অবিচল প্রমীলা

কর্পোরেট ডেটর-এর প্র

ষষ্ঠী বিশ্বাস

শিলিগুড়ি, ১৯ আগস্ট

লকডাউনে সন্ধটে পড়েও নকশালবাড়ির প্রতিভাবান অ্যাথলিট প্রমীলা রাজগড় লক্ষ্যে অবিচল। সংসারের হাল ধরতে পরিবারের সঙ্গে কৃষিকাজ করলেও মাঠের লড়াই থেকে সরতে নারাজ। প্রতিদিন শিলিগুড়িতে এসে প্র্যাকটিস করতে না পারলেও থেমে নেই। নকশালবাড়ির হাসিঘিসা হাইস্কুলের মাঠেই কোচ সুজয় ঘোষরায়ের পরামর্শে প্রতিদিন ঘাম ঝরাছে।

দশম শ্রেণির ছাত্রী প্রমীলা বাংলার অ্যাথলেটিক্সে পরিচিত নাম। অল্প বয়সে বাবাকে হারিয়ে অভাবকে সঙ্গী করে অনেক পদক

পেয়েছে। শিলিগুড়ির হয়ে ২০১৯ রাজ্য মিটে মেয়েদের অনূর্ধ্ব–২০ হাই জাম্পে সোনা জিতেছে। সিনিয়র জাতীয় মিটে গতবার বাংলার প্রতিনিধিত্ব করেছে। এ ছাড়া জুনিয়র ন্যাশনাল ও পূর্বাঞ্চলের হয়েও সোনা জিতেছে। পদক রয়েছে আন্তঃ জেলা মিটেও।

এখনও পর্যন্ত প্রমীলার সেরা লাফ ৬.৯ মিটার। একে ছাপিয়ে যেতে সে হাল ছাড়তে নারাজ। কলকাতা সাইয়ে যাওয়ার কথা থাকলেও

লকডাউনে তা হয়নি। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের মাঠে বিবেকানন্দ ঘোষের কাছে প্র্যাকটিস শুরু করেছে। প্রমীলা বলে, 'বাবা মারা যাওয়ার পর মায়ের ওপর চাপ পড়ে। প্র্যাকটিসের ফাঁকে মায়ের

সঙ্গে চাষের কাজ করতে হয়। লক্ষ্য একটাই, দেশের হয়ে হওয়ার পর ১৭ আগস্ট রি পদক এনে মায়ের কস্ট দূর করা।'

করোনায় দুঃস্বপ্নের অভিজ্ঞতা সুচার

সংবাদ সংস্থা

দিল্লি, ১৯ আগস্ট

করোনা চিকিৎসা করাতে গিয়ে ভয়ঙ্কর অভিজ্ঞতা হল এশিয়ান গেমসে পদকজয়ী দৌড়বিদ সূচা সিংয়ের। সুস্থ হয়ে উঠলেও, চিকিৎসায় খরচ হয়েছে আড়াই লাখ টাকা।

১৯৭০ এশিয়ান গেমসে ৪০০ মিটার ব্যক্তিগত ইভেন্টে ব্রোঞ্জ এবং ১৯৭০ এবং ১৯৭৪–এর এশিয়াডে ৪×৪০০ মিটার রিলেতে রুপোও জিতেছিলেন। গত ৪ আগস্ট করোনা আক্রান্ত

হওয়ার পর ১৭ আগস্ট রিপোর্ট নেগেটিভ আসে। মাঝের ক'দিন দুঃস্বপ্ন মনে হয়েছে সূচার। বলেছেন, '২৫–২৬ জুলাই আমার

জ্বর, সর্দি–কাশি শুরু হয়। জ্বর আর কাশি কমছে না দেখে জলন্ধরের হাসপাতালে ৫ হাজার টাকা দিয়ে পরীক্ষা করাই। ওরা আমাকে প্যাটেল হাসপাতালে পাঠিয়ে দেয়। সেখানে

দু ঘণ্টায় যে পরীক্ষা হওয়ার কথা তার জন্য দু'দিন হাসপাতালে ভর্তি থাকতে বাধ্য হই। ৩০ হাজার টাকা জমা দিতে হয়। রিপোর্ট পজিটিভ আসার পর ৪ আগস্ট পিআইএমএস হাসপাতালে ভর্তি হই। পরের দিনই হাসপাতালে ১ লাখ টাকা জমা দিই। এক সপ্তাহের মধ্যে আরও ১ লাখ টাকা জমা দিতে বলা হয়। এক আত্মীয়ের থেকে টাকা ধার করে জমা দেওয়ার পর হাসপাতাল থেকে

TIL Tractors India

ছাড়া পেয়েছি। মোট আড়াই লাখ টাকা খরচ হয়েছে। একজন অ্যাথলিটকে এভাবে হেনস্থা করার মানে কী?'

প্রয়াত প্রাক্তন গোলরক্ষক ভাস্কর মাইতি

আজকালের প্রতিবেদন

প্রয়াত হলেন জাতীয় ফুটবল দলের প্রাক্তন গোলরক্ষক ভাস্কর মাইতি। বুধবার মস্তিষ্ণে রক্তক্ষরণ হয়ে মৃত্যু হয় তাঁর। মৃত্যুকালে বয়স হয়েছিল ৬৭। তাঁর স্ত্রী, এক পুত্র এবং কন্যা রয়েছেন।

পেশাদার ফুটবলে ১৯৭৩ সালে
অভিষেক হয় ভাস্কর মাইতির।
১৯৭৮ সালের এশিয়ান গেমসে
ভারতীয় দলে ছিলেন। তিনি প্রাক্তন
ফুটবলার প্রসূন ব্যানার্জিদের
সমসাময়িক। ১৯৭৭ সালে আঘা
খান কাপ এবং ঢাকা কাপেও
ভারতীয় দলে ছিলেন। মাত্র ২৫
বছর বয়সেই ফুটবল থেকে অবসর
নেন। মফতলাল স্পোর্টস ক্লাব
এবং মুম্বইয়ের আরসিএফ ক্লাবে
খেলেছেন। মহারাস্ট্রের হয়ে সন্তোষ
ট্রিফিতেও প্রতিনিধিত্ব করেছেন।
মুম্বই এফসি এবং মুম্বই টাইগার্সের
সহকারি কোচ ছিলেন।

তাঁর পুত্র আদিশ মাইতি একজন পেশাদার বডিবিল্ডার, মেয়ে আইরিশ পেশাদার অভিনেত্রী।

ফর্ম জি ভার্সান–৪ আগ্রহ প্রকাশ আহ্বান

	লেশন ৩৬এ (১)–এর অধীনে]				
দরকারি তথ্যাবলি					
াম	লিনাস অ্যাগ্রোভেঞ্চার্স প্রাইভেট লিমি				
াতিষ্ঠার তারিখ	১ সেপ্টেম্বর, ২০১১				
ধীনে কর্পোরেট ডেটর	রেজিস্টার অফ কোম্পানিজ (আরওসি), কলকাতা				

IL	সামাতবন্ধ/রোজস্তাড	
8.	কর্পোরেট ভেটরের কর্পোরেট আইডেনটিটি নং/লিমিটেড লায়াবিলিটি আইডেন্টিফিকেশন নং	U05004WB2011PTC167012
Œ.	কর্পোরেট ডেটর–এর রেজিস্টার্ড অফিস এবং প্রিন্সিপ্যাল অফিসের (যদি থাকে) ঠিকানা	রেজিস্টার্ড অফিস : মৌজা রাধানগর, অভিরামপুর, উত্তর ২৪ পরগনা, রাধানগর, অভিরামপুর, পঃবঃ ৭৪৩৫০২ ভারত
৬.	কর্পোরেট ভেটরের ক্ষেত্রে ইনসলভেন্সি শুরুর তারিখ	\$\$.04.4040
٩.	আগ্রহ প্রকাশ আহ্বানের তারিখ	08.0%.২0২0
ъ.	উক্ত কোভের ২৫(২) (এইচ) ধারাধীনে রিজোলিউশন আবেদনকারীদের যোগ্যতা এখানে উপলব্ধ রয়েছে	বিশদ টার্মনিট যা প্রযোজ্য সম্ভাব্য রেজেলিউশন আবেদনকারীগণের ক্ষেত্রে তাঁদের যোগ্যতার জন্য কিনাস আ্যায়ো ভেন্দার্স প্রাইভেট লিমিটেডের ওয়েবসাইট http:// www.iplinusagro.com এবং এবং যোগাযোগের জন্য জন্ম নং২১ দেখুন।
۵.	২৯এ ধারাধীনে প্রযোজ্য অযোগ্যতার শর্তাবলি এখানে উপলব্ধ রয়েছে	লিনাস অ্যাগ্রোভেচ্চার্স প্রাইভেট লিমিটেডের ওয়েবসাইট http://www.iplinusagro.com এবং যোগাযোগের জন্য

আগ্রহ প্রজ্ঞাপন প্রাপ্তির শেষ তারিখ
আগ্রহ প্রজ্ঞাপন নির্ম্বর্ণিত ফিনায় মুবল্ক খামে ২৮.০৮.২০২০
কো ১৭০০ চার পূর্বে শিজ রেজিয়ার্ড পোই বা হাতে হাতে
জনা কলা বছরে মুখের মানেজকে সলিউপন্য প্রান্তি হাতি
আইডিয়াল প্লাজ, ১১১ শরৎ বোস রোড, এম তল, মাউথ ব্লক, কম
নং ৪০৫, কলকাতা –৭০০ ২০, পশ্চিমক্স, ভারত
ই—মেল: ip.linusagro@gmail.com
খামের ওপালে শিক্ষবনে। কিলাম আার্ড্রোডভার্স প্রাইডেট

8.08.2020

ক্রম নং ২১ দেখুন।

সম্ভাবনাপর্ণ রেজোলিউশন আবেদনকারীদের চড়াত

চালিকা জারির তারিখ

সদ্ভাবা রেজেলিউশন আবেদনকারীদের প্রতি ইনস্বান্ধন নেমারাভাম, ইভালুরেদন মাট্টির এবং বিক্রোরেই ফর রেজেলিউশন মাট্টার এবং বারে বিজ্ঞান প্রায়ন করিব তারিখ

ব. রিক্রোরেই ফর রেজেলিউশন গ্রােল, ইভালুরেশন মাট্টার এবং বারে তথা।বিদির জন্য অনুরোধ সংগ্রহের পছতি

অধার্যদির জন্য অনুরোধ সংগ্রহের পছতি

ভালা করা হবে বেখানে রিজেলিউশন প্রানের আবেদনকারীপদেক ভার্ট্রাল ভাটা কমের অধিকা ভালা করে বিশ্লম করে বিশ্লম

রেজেলিউশন প্ল্যান দাখিলের শেষ তারিখ

রেজেলিউশন পেশাণারকে রেজেলিউশন সাহায্যকারী দস্তাবেজসহ রিজেলিউশন প্ল্যান (দৃই কপি একটি সিল করা খামে ভবে একটি পাসধয়ার্ড ছারা সুরক্ষি পেনায়ুহিত ভবে রিজেলিউশন প্রফেশনালের নির্মাণিক সিকানায় জমা করতে হব: প্রাথন্ত স্থাজা, ১১/১ শরৎ বোর রেজে, রাউজ রক, রুম নং ৪০৫, কলকাতা-৭০০ ০২০, পশ্চিমবদ্য, ভারত

ইন্সেল: in.linussagro@email.com

তবত, শাক্ষবক, ভারত

ই-লেক: ip.linusagro@gmail.com
খামের ওপরে লিখতে হবে:লিনাস আ্লোভেন্ধার্স প্রাইভো
লিমিটেডের ইওআই নামান্তিত করতে হবে ''অনুপকুমার সিং— রিজেলিউশন প্রফেশনাল''
মনুমোদনের জন্য বিচারকারী কর্তৃপন্ধের কাছে
রজেলিউশন প্রামান পেশের অনুমত তারিখ

ই–মেল আইডি: ip.linusagro@gmail.con

মনুপকুমার সিং, সুমেধা ম্যানেজমেন্ট সলিউশনস প্রাঃ লিঃ মাইডিয়াল প্রাজা, ১১/১ শরং বোস রোড, ৫ম তল, সাউৎ

ব্লক, কক্ষ নং ৪০৫, কলকাতা-৭০০ ০২০, পশ্চিমব

রেজোলিউশন পেশাদারের নাম ও রেজিস্ট্রেশন নদর নাম: খ্রী অনুপকুমার সিং রেজিস্ট্রেশন নাং IBBI/PA00/IIP-P00153/2017-18/10322
বোর্ডে রেজিস্টার্ড রেজোলিউশন পেশাদারের নাম,
ঠিকানা ও ই – মেল
ব্যাডেল্ডি রুলি ক্রমান সিং, ঠিকানা: ১৬২/ভি/৭০২ লেক
গার্ডেল, কলকাতা–৭০০ ০৪৫, পণ্টিনবঙ্গ,
ই-মেল: আup_ singh@sumedhamanagement.com
রেজোলিউশন পেশাদারের সঙ্গে যোগাযোগের
ঠিকানা ও ই – মেল

ই-মেল আইডি: ip.linusagro@gmail.com
২৩. ফর্ম জি প্রকাশের তারিখ
০৪.০৬.২০২০, ০৭.০৮.২০২০ এবং ২০.০৮.২০২০
ফুর্টবা:
১) কপোরেট ঋণগুহীতার ওয়েবসাইট http://www.linusagro.com-তে ইওআই জমা করার বিশ্বন আপলোড ক

) গহীত ইওআই সমূহ আরপি দ্বারা পর্যালোচিত হবে এবং সিওসি দ্বারা পর্যালোচনের পর সংক্ষিপ্তকরণ করা হবে।

কোনও সময়ে ইওআই এর শর্তাবলি পরিবর্তনের অধিকার আরপি/সিওসির রয়েছে। ৩) আরপি/সিওসি, যে কোনও সময়ে যে কোনও কারণ না দর্শিয়ে যে কোনও আবেদন বাতিল করতে পারেন। এর জন আরপি/সিওসি দায়ক্ষ থাককেন না।

স্বাঃ অনুপ কুমার সিং লিনাস অ্যাগ্রোভেঞ্চার্স প্রাইভেট লিমিটেডের রিজেলিউশন প্রফেশনাল

বাডতি বিশদ তথ্যাবলি এখানে মিলবে

আইবিবিআই-এর সাথে নথিভুক্ত ঠিকানা: ১৬২/ডি/৭০২ লেক গার্ডেন্স, কলকাতা-৭০০ ০৪৫, পশ্চিমক্ষ, ই-মেল: anup_singh@sumedhamanagement.com

পশ্চিমক্ষ, ই-মেল: anup_singh@sumedhamanagement.com ধোগাযোগের ঠিকান: সুমেধা ম্যানেজমেণ্ট সলিউশনস প্রাইভেট লিমিটেড, আইডিয়াল প্লাজা, ১১/১ শরং বোস রোড, ৫২ তল, সাউধ রক, কক্ষ নং ৪০৫, কলকাতা–৭০০ ০২০, পশ্চিমবঙ্গ, ভারত, ই-মেল: ip.linusagro@gmail.com ভারিখ: ২০.০৮.২০২০

টি আই এল লিমিটেড [CIN: L74999WB1974PLC041725]

রেজিস্টার্ড অফিসঃ ১, তারাতলা রোড, গার্ডেন রীচ, কলকাতা - ৭০০ ০২৪ ফোনঃ (০৩৩) ৬৬৩৩ ২০০০/২৮৪৫; ফ্যাক্সঃ (০৩৩) ২৪৬৯ ৩৭৩১/২১৪৩ ওয়েবসাইটঃ www.tilindia.in

৪৫তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি ও ই-ভোটিং সম্পর্কিত তথ্য

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, টি আই এল লিমিটেড (''কোম্পানি'')-এর ৪৫তম বার্ষিক সাধারণ সভা ('এজিএম') ভিডিও কনফারিলং ('ভিসি') বা অন্যান্য অডিও ভিসূয়াল পদ্ধতি ('ওএভিএম') অনুষ্ঠিত হবে শুক্রবার, ১১ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সকাল ১০:০০ ঘটিকায় যেখানে ২৯ জুন ২০২০ তারিখের এজিএম বিজ্ঞপ্তিতে বিবৃত বিষয়সমূহ আলোচনা করা হবে। চলতি অতিমারি কোভিড-১৯ পরিপ্রেক্ষিতে কপোরেট বিষয়ক মন্ত্রক-এর General Circular Nos. 14/2020, 17/2020 and 20/2020 যথাক্রমে ৮ এপ্রিল ২০২০, ১৩ এপ্রিল ২০২০ ও ৫ মে ২০২০ তারিখ সংবলিত সিকিউরিটিজ অ্যাণ্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইণ্ডিয়া (একত্রে বলা হবে 'ঐ সার্কুলার সমূহ') দ্বারা জারিকৃত SEBI Circular No. SEBI/HO/CFD/CMD1/CIR/ P/2020/79 ১২ মে ২০২০ তারিখ অনুযায়ী কোম্পানির তাদের বার্ষিক সাধারণ সভা শেয়ারহোল্ডারগণের শারিরিক উপস্থিতি ব্যাতিরেকে ভিসি বা ওএভিএম মাধ্যমে অনুষ্ঠিত করবার অনুমোদন দিয়েছেন যা কোম্পানি আইন ২০১৩ অনুযায়ী এবং সিকিউরিটিজ অ্যাণ্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইণ্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যাণ্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেণ্ডলশেনস্ ২০১৫ যা সময়ে সময়ে পরিমার্জিত ('দি সেবি লিস্টিং রেণ্ডলেশন্) অনুযায়ী প্রযোজ্য।

উপরোক্ত সার্কুলারসমূহ অনুযায়ী এজিএম আহ্বায়ক বিজ্ঞপ্তিসহ আর্থিকবর্ষ ২০১৯-২০২০-র সময়ের বার্ষিক প্রতিবেদন বুধবার ১৯ আগস্ট ২০২০ তারিখে শেয়ারহোল্ডারগণ প্রেরন করা হয়েছে ই-মেল মাধ্যমে যাদের ই-মেল ঠিকানা কোম্পানি বা রেজিষ্ট্রার অ্যাণ্ড শেয়ার ট্রাপ্সফার এজেন্ট যথা মেসার্স সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস (প্রাঃ) লিঃ বা ডিপোজিটরি পার্টিসিপেন্টদের কাছে নথিভুক্ত রয়েছে এবং যারা ১৪ আগস্ট ২০২০ তারিখে কোম্পানির ইকুইটি শেয়ার ধরে রেখেছেন। বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট www.tilindia.com এবং স্টক এক্সচেঞ্জ সমূহের ওয়েবসাইট www.nseindia.com এবং www.bseindia.com এবং ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড ('এনএসডিএল') ওয়েবসাইট www.evoting.nsdl.com এ পাওয়া যাবে।

এজিএমএ অংশগ্রহণের নির্দেশাবলি এজিএম বিজ্ঞপ্তিতে প্রদত্ত এবং ভিসি/ওএভিএম-এর মাধ্যমে শেয়ারহোল্ডারদের এজিএমএ অংশগ্রহণ কোম্পানি আইনের ১০৩ ধারা অনুযায়ী কোরামের জন্য গণ্য করা হবে।

শেয়ারহোল্ডারগণকে আরও জানানো যাচ্ছে যেঃ

i) সংশোধিতমতো কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যাণ্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর রুল ২০ এবং সেবি লিস্টিং রেণ্ডলেশনস্-এর রেণ্ডলেশন ৪৪ সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১০৮ নং ধারা অনুসারে উক্ত এজিএমএ আলোচিত হতে চলা কারবারের ওপর এই কোম্পানি তার শেয়ারধারকদের জন্য এনএসডিএল-এর মাধ্যমে ই-ভোটিংয়ের সুবিধা দিতে চলেছে। রিমোট ই-ভোটিংয়ের পাশাপাশি এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটাধিকার প্রযোগের পদ্ধতি এবং এগুলি সম্পর্কিত নির্দেশাবলি উক্ত বিজ্ঞপ্তিতে উল্লেখ করা আছে।

ii) যে সকল শেয়ারহোল্ডারের নাম নির্ধারিত তারিখ অর্থাৎ শুক্রবার ৪ সেপ্টেম্বর ২০২০ তারিখে কোম্পানির সদস্যের ধারায় বা ডিপোজিটার দ্বারা পরিচালিত খাতায় লাভজনক মালিক হিসাবে রয়েছে তারা ই-ভোটিং সুবিধার মাধ্যমে ভোট প্রদান করতে পারবেন। বিজ্ঞপ্তিতে বিবৃত বিষয় (সমূহ)-এর ওপর শেয়ারহোল্ডারগণ যদি ভোট প্রদান করে থাকেন সেল্কেব্রে পরবর্তী সময়ে তা আর পরিবর্তন করা যাবে না। রিমোট ই-ভোটিং আরম্ভ হবে মঙ্গলবার ৮ সেপ্টেম্বর ২০২০ তারিখে সকাল ৯.০০ ঘটিকায় এবং শেষ হবে বৃহস্পতিবার ১০ সেপ্টেম্বর ২০২০ তারিখে বিকেল ৫.০০ ঘটিকায়। নির্ধারিত তারিখ অর্থাৎ শুক্রবার ৪ সেপ্টেম্বর ২০২০ তারিখে যদি কোনও ব্যক্তি শেয়ারহোল্ডার না হয়ে থাকেন সেক্ষেব্রে এই বিজ্ঞপ্তি কেবলমাত্র তথ্যের জন্য মনে রাখবেন।

iii) ভিসি/ওএভিএম মাধ্যমে এজিএমএ অংশগ্রহণকারী শেয়ারহোল্ডারগণ যারা রিমোট ই-ভোটিং মাধ্যমে ভোট প্রদান করেন নি তারা এজিএম চলাকালীন তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। যে সকল শেয়ারহোল্ডার রিমোট ই-ভোটিং মাধ্যমে ভোট প্রদান করেছেন তারা এজিএমএ ভিসি/ওএভিএম

বে সকল শোরারহোত্রার রিনোট হ-ভোটিং মাধ্যমে ভোট প্রদান করেছেন তারা আজ্ঞান্য ।ভাস/ ওআভ্যান্য মাধ্যমে অংশগ্রহণ করতে পারবেন কিন্তু এজিএম চলাকালিন পূনরায় ভোট প্রদান করতে পারবেন না।

iv) এজিএম বিজ্ঞপ্তি প্রেরনের পরবর্তী সময়ে এবং নিধারিত তারিখ শুক্রবার ৪ সেপ্টেম্বর ২০২০ তারিখে যদি কোনও ব্যক্তি কোম্পানির ইকুইটি শেয়ার গ্রহণ করে থাকেন তাহলে তারা evoting@nsdl.co.in এ অনুরোধক্রমে লগ ইন আইডি ও পাসওয়ার্ড পেতে পারেন।

যে সকল শেয়ারহোল্ডার এনএসডিএল-এ নথিভুক্ত তারা তাদের বর্তমান ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করতে পারবেন ই-ভোটিং-এর জন্য।

 ত) বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিধিবদ্ধ রেজিস্টারসমূহ এবং তৎসম্পর্কিত দস্তাবেজ এবং তার ব্যাখ্যা বৈদ্যুতিন মাধ্যমে নিরিক্ষনের জন্য পাওয়া যাবে এজিএম তারিখ পর্যন্ত। সেই কারণে কোম্পানির শেয়ারহোল্ডারদের তাদের নাম, ফোলিও নং / ডিম্যাট অ্যাকাউন্ট নং উল্লেখ করে লিখতে হবে secretarial.department@tilindia.com এ যেখানে ইমেল এবং বিষয় হবে 'নিরিক্ষনের জন্য অনুরোধ'।

vi) ই-ভোটিং সম্পর্কিত কোনও প্রশ্ন/অভিযোগের জন্য দেখুন ফ্রিকোয়েন্টলি আস্কড কোন্চেনস্
(এফএকিউস) এবং শেয়ারহোল্ডারদের ই-ভোটিং ম্যানুয়াল যা পাওয়া যাবে এনএসডিএল-এর ই-ভোটিং ওয়েবসাইট www.evoting.nsdl.com-এর 'ডাউনলোড' বিভাগে বা যোগাযোগ করুন শ্রী অমিত বিশাল, সিনিয়ার ম্যানেজার/শ্রীমতি পল্পবী মাহাত্রে, ম্যানেজার এনএসডিএল, ট্রেডওয়ার্ল্ড, 'এ উইং' ৪র্থ ফ্রোর, কমলা মিলস কম্পাউন্ড, লোয়ার প্যারেল, মুম্মাই-৪০০০১৩; ইমেল ঠিকানাঃ amitv@nsdl.co.in / pallavid@nsdl.co.in বা evoting@nsdl.co.in; ফোন নং ০২২-২৪৯৯৪৩৬০/ ০২২-২৪৯৯৪৫৪৫ বা নিঃশুল্ক নং ১৮০০-২২২-৯৯০

টি আই এল লিমিটেড-এর পক্ষে শেখর ভট্টাচার্য্য ভাইস প্রেসিডেন্ট কোম্পানি সেক্রেটারি

গোষ্ঠ পালের জন্মদিন পালন



গোষ্ঠ পালের জন্মদিনে মন্ত্রী অরূপ বিশ্বাস, লক্ষ্মীরতন শুক্লা, সৃঞ্জয় বসু, দেবব্রত সরকার। ছবি: আজকাল

আজকালের প্রতিবেদন

+

প্রবাদপ্রতিম ফুটবলার গোষ্ঠ পালের জন্মদিন বৃহস্পতিবার, ২০ আগস্ট। কিন্তু লকডাউন থাকায় গোষ্ঠ পালের জন্মদিন একদিন আগে বুধবার পালন করল যুব কল্যাণ ও ক্রীড়ামন্ত্রক। কলকাতা ময়দানে গোষ্ঠ পালের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান রাজ্যের ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস। ছিলেন আইএফএ সচিব জয়দীপ মুখার্জি, বিওএ সচিব বাবুন ব্যানার্জি, দাবাড়ু দিব্যেন্দু বড়ুয়া, মোহনবাগান সচিব সৃঞ্জয় বসু, ইস্টবেঙ্গল কর্তা দেবব্রত সরকার, মহমেডান অর্থ সচিব শারিক আমেদ, গোষ্ঠ পালের পরিবারের সদস্য ও ক্রীড়াপ্রেমী মানুষ। ক্রীড়ামন্ত্রী বলেন, 'গোষ্ঠ

পালের মতো কিংবদন্তি ফুটবলারের কীর্তিকে বাঁচিয়ে রাখতে গেলে বাংলার ফুটবলের নবজাগরণ জরুরি। বাংলার ফুটবলের উন্মাদনা ফেরাতে কলকাতার ছোট–বড় ক্লাব ও রাজ্যের ফুটবল প্রশাসনকে হাত মিলিয়ে কাজ করতে হবে।' জয়দীপ বলেন, 'বাংলার ফুটবলের স্বার্থে জেলা ফুটবলকে আগের মতো শক্তিশালী করা দরকার। সেই উদ্যোগ নিচ্ছি।'শিলিগুড়িতে পুরনিগমের ব্যবস্থানায় ও পানু দন্ত মজুমদার শতবর্ষ কমিটির সহযোগিতায় বিধান রোডে গোষ্ঠ পালের মূর্তিতে মালা পরানো হয়। ছিলেন শিলিগুড়ি পুর প্রশাসক বোর্ডের শঙ্কর ঘোষ, এসজেডিএ–র ভাইস চেয়ারম্যান নান্টু পাল, ক্রীড়া সংগঠক কন্তল গোস্বামী, মনোজ ভার্মা–সহ অন্যাবা।

ন সচিব সৃঞ্জয় বসু, ইস্টবেঙ্গল কঠা দেবপ্রত হয়। ছিলেন শিলিগুড়ি পুর প্রশাসক বোর্ডের শঙ্কর ঘোষ, । ন অর্থ সচিব শারিক আমেদ, গোষ্ঠ পালের এসজেডিএ–র ভাইস চেয়ারম্যান নান্টু পাল, ক্রীড়া সংগঠক ৪ ক্রীড়াপ্রেমী মানুষ। ক্রীড়ামন্ত্রী বলেন, 'গোষ্ঠ কুন্তল গোস্বামী, মনোজ ভার্মা–সহ অন্যরা।